## জীবননগর উপজেলা পরিষদের জুলাই-২০২৩খ্রি. মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ১৩-৭-২০২৩খ্রি., সময় ঃ সকাল - ১০:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভা নং ঃ ০১/২০২৩-২৪ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ আয়েশা সুলতানা এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম সভায় উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ রোকুনুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত জুন-২০২৩খ্রি. মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ০২ | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে - পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে শিয়ালমারী পশু হাটে চোরের দল মটর সাইকেল চুরি করার জন্য প্রস্তুত ছিল। কিন্তু সেখানে পুলিশের উপস্থিতিতে তারা পালিয়ে যায়। সকলের তৎপরতা এবং যারা সহযোগিতা করেছে তাদেরকে ধন্যবাদ জানানো হয়। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবগত করে বলেন যে, মাদকের প্রবণতা বেড়ে গিয়েছে। যারা মাদক ব্যবসার সাথে জড়িত আছে তাদের তালিকা দেওয়ার জন্য বলেন। সকলকে সাথে নিয়ে মাদকে প্রতিহত করতে হবে। আমরা আপনাদের সাথে আছি এবং সকল কাজের জন্য আমরা প্রস্তুত থাকবো। আগামী ১৭ জুলাই ২০২৩খ্রি. তারিখে আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের নির্বাচন। আমরা আইন-শৃঙ্খল পরিস্থিতি সুন্দর রাখার জন্য দায়িত্বে থাকবো। উক্ত নির্বাচনটি শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। জীবননগর উপজেলায় আইন-শৃঙ্খল পরিস্থিতি ভালো রাখার জন্য আমাদের টহল কার্যক্রম চলমান আছে। আমরা উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখার জন্য সব সময় চেষ্টা চালিয়ে যাব ও মাদক বিরোধী অভিযান অব্যহত রাখবো। | (ক) উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রাখতে হবে এবং মাদক বিরোধী অভিযান অব্যহত রাখতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়।<br>(খ) আগামী ১৭ জুলাই ২০২৩খ্রি. তারিখে আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষ্যে আইন-শৃঙ্খল পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, গত ০৬-৬-২০২৩খ্রি. তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত জুন-২০২৩খ্রি. মাসে বর্হিবিভাগে রুগী দেখা হয়েছে- ৬৯৫৫ জন, অন্তঃ বিভাগে ভর্তি রুগী ছিল- ৯৭৩ জন, জরুরী বিভাগ- ৯১৭ জন, বেড অকুপেন্সি রেট- ১০০.৬৬, নরমাল ডেলিভারী- ২৮ জন, অপারেশন হয়েছে মোট - ৬২ জন, সিজার অপারেশন- ০৭ জন, অন্যান্য- ০০, মাইনর অপারেশন- ৫৫ জন, এ এনসি সার্ভিস- ২৪৮ জন, পিএনসি সার্ভিস- ৬২ জন, ভায়া টেস্ট মোট - ১২১ - পজেটিভ- ০০, নেগেটিভ- ১২১।<br>কোভিড-১৯ এনটিজেনটেষ্ট মোট- ০২ - নেগেটিভ- ০২, পজেটিভ- ০০।<br>এনসিডি - এইচ টি এন- ৪১২, ডায়াবেটিস- ২১৯। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ০৬-৬-২০২৩খ্রি. তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন -<br>(ক) জীবননগর উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের জুন-২০২৩খ্রি. মাসে পরিবার পরিকল্পনা কার্যক্রমের বিবরণী নিম্নে উল্লেখ করা হলো ঃ<br><u>পরিবার পরিকল্পনা কার্যক্রমের অগ্রগতি ঃ</u><br>মোট সক্ষম দম্পত্তি - ৩৮২৮৩<br>মোট গ্রহনকারীর সংখ্যা - ৩১৬৭৫<br>মোট গ্রহনকারীর শতকরা হার - ৮২.৭৪%<br>স্থায়ী পদ্ধতির লক্ষ্যমাত্রা - ১৬, অর্জন - ২৪ = ১৫০%<br>আইইউডি পদ্ধতির লক্ষ্যমাত্রা - ১৮, অর্জন - ১০ = ৫৬%<br>ইমপ্লান্ট পদ্ধতির লক্ষ্যমাত্রা - ৪৩, অর্জন - ৩৩ = ৭৬.৭৪%<br><u>মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের অগ্রগতি ঃ</u><br>উপজেলার মোট গর্ভবতীর সংখ্যা - ১৪৪১ জন<br>গর্ভবতী মায়ের যত্ন - ৬৮৬ জন<br>ডেলিভারী - ০৭ জন<br>গর্ভোত্তর যত্ন - ২৪২ জন<br>শিশু সেবা - ৯৭৬ জন<br>সাধারণ রোগী সেবা - ২১৩৬ জন। | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। |
| | (খ) বিশ্ব জনসংখ্যা দিবস ১১ জুলাই-২০২৩খ্রি. উপলক্ষ্যে জেলা পর্যায়ে ০৬টি ক্যাটাগরিতে শ্রেষ্টত্ব নির্বাচনে তিন ক্যাটাগরিতে জীবননগর উপজেলা শ্রেষ্ট নির্বাচিত হয়েছে। (শ্রেষ্ট পরিবার কল্যাণ পরিদর্শিকা মোছাঃ রেশমা খাতুন। শ্রেষ্ট পরিবার পরিকল্পনা পরিদর্শক সাজেদুর রহমান। শ্রেষ্ট ইউনিয়ন পরিষদ উথলী)। এছাড়াও বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ট পরিবার কল্যাণ পরিদর্শিকা নির্বাচনে বিজয়ী হয়েছে মোছাঃ রেশমা খাতুন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রাকিবুল ইসলাম জানান যে, সর্বস্তরের সুযোগ্য নেত্রীত্বের কারণে এই বিজয় অর্জন করা সম্ভব হয়েছে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে যে সকল কর্মকর্তা/ কর্মচারী শ্রেষ্টত্ব অর্জন করেছে তাদেরকে উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয় এবং এধারা অব্যহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| ০৫ | <u>উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>উপজেলা কৃষি অফিসার বলেন যে, আমি মোঃ মনিরুজ্জামান, উপজেলা কৃষি অফিসার, গত ২৬-৬-২০২৩খ্রি. তারিখে জীবননগর উপজেলায় যোগদান করেছি। আমি উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, ভাইস চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং সকল দপ্তরের দপ্তর প্রধানদের সহযোগিতা কামনা করছি। গত ০৩-০১-২০২৩খ্রি. তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে আউশের আবাদ মাঠে আছে। আউশের রোপন কার্যক্রম শেষ হয়েছে। প্রায় ৯ হাজার হেক্টর জমিতে আউশের আবাদ হয়েছে। আমনের বীজতলা অনেক জায়গায় শুরু হয়েছে। জীবননগর উপজেলার প্রত্যেক ইউনিয়নে বিভিন্ন ফসল দর্শন করেছি। জীবননগর উপজেলা একটি কৃষির জন্য অন্যতম। ফল এবং সবজি চাষে জীবননগর উপজেলা অনেক এগিয়ে। এখানে অনেক বড় উদ্যোক্তা আছে। সারা বাংলাদেশের মধ্যে চুয়াডাঙ্গার কৃষি সেরা। বিভিন্ন জেলা থেকে কৃষি দেখতে এবং শিখতে আমাদের জেলাতে আসেন। এই সেরাটাকে যেন আমরা সমন্বিতভাবে ধরে রাখতে পারি। এজন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা কৃষি অফিসারকে ধন্যবাদ জানানো হয় এবং সহযোগিতার জন্য সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে আলোচনা ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, গত ২২-১২-২০২২খ্রি. তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ২৪-৩০ জুলাই ২০২৩খ্রি. তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উদযাপিত হবে। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হয়। এছাড়া স্থানীয় পর্যায়ে মৎস্যচাষী ও প্রতিষ্ঠানকে পুরস্কারের জন্য মনোনীত করা হয়। কার্প নার্সারী উৎপাদনে সফলতা অর্জন করায় দেবেন হালদার, কার্প মিশ্রচাষে সফলতা অর্জন করায় আবু মোঃ আঃ লতিফ অমল, দেশীয় প্রজাতির মাছ উৎপাদনে সফলতা অর্জন করায় মোঃ রবিউল ইসলাম এবং মৎস্য সম্পদ উন্নয়নে ও ব্যবস্থাপনায় অবদান রাখায় মারুফদাহ মৎস্যজীবী সমবায় সমিতিকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত হয়। এছাড়াও চায়না দুয়ারী জাল বন্ধে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনার সিদ্ধান্ত হয় এবং এবিষয়ে সচেতনতা তৈরীর জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জীবননগর। |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ সম্পর্কে আলোচনা ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার বলেন যে, গত ২২-১২-২০২২খ্রি. তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিকসহ অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জীবননগর। |
| ০৮ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে, গত ১৩-৩-২০২৩খ্রি. তারিখে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে "উপজেলা উন্নয়ন সহায়তা" (এডিপি) তহবিল ও উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল-এর বিপরীতে গ্রহনকৃত প্রকল্পগুলি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়িত কাজগুলি ১০০% সমাপ্ত করে চুড়ান্ত বিল প্রদান করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলির কাজ বাস্তবায়ন করায় মাসিক সাধারণ সভায় উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |
| ০৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২১-২০২২খ্রি. অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) তহবিলের বরাদ্দ হইতে ৪০,০০,০০০.০০ + ভ্যাট এবং আয়কর - ৮,৮৭,০৪৮.০০ = মোট - ৪৮,৭৮,০৪৮.০০ (আটচল্লিশ লক্ষ আটাত্তর হাজার আটচল্লিশ) টাকার বিপরীতে গৃহীত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প ০২ (দুই) টি বাস্তবায়নের জন্য প্রাক্কলনের প্রস্তুতের কাজ চলিতেছে। | অবকাঠামো উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প ০২ (দুই) টি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নে লক্ষ্যে PMU বরাবর কাগজপত্র বিধি মোতাবেক জমা প্রদান ও দ্রুততার সাথে অনুমোদন নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ, জীবননগর। |
| ১০ | উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৮-৬-২০২৩খ্রি. তারিখে উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় - সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থবছরের সকল ভাতা Mis এন্ট্রির মাধ্যমে G2p পদ্ধতিতে ভাতা ভোগীর বিকাশ হিসাব নম্বরে ভাতার অর্থ প্রদানের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরের G2p কাজ সম্পন্ন হওয়া ৪র্থ কিস্তির অর্থ এপ্রিল-২০২৩ হতে জুন-২০২৩ মাস পর্যন্ত সকল ভাতাভোগীদের সঠিক মোবাইল নম্বরে অর্থ প্রেরণের জন্য পাঠানো হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার করায় উপজেলা সমাজসেবা অফিসারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১১ | উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৮-৬-২০২৩খ্রি. তারিখে উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত | ৫২ টি আবেদন পত্রের মধ্যে আর্থ-সামাজিক অবস্থা ও সকল কাগজপত্র যাচাই-বাছাই করে বীর নিবাস বরাদ্দের ব্যবস্থা | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় - অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাসের ঘর নির্মাণের জন্য জীবননগর উপজেলার অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের আওতায় উপযুক্ত প্রার্থীর নিকট থেকে দরখাস্ত আহবান করা হয়েছিল। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ৫২ টি আবেদন পাওয়া যায়। | গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ১২ | <u>উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ</u><br>উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৮-৬-২০২৩খ্রি. তারিখে উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় - প্রত্যেক ব্যক্তি বা স্কুল, মাদ্রাসা ও কলেজের ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশ ও শারিরীক উৎকর্ষ সাধনের জন্য চিত্ত বিনোদনের অন্যতম পন্থা সাংস্কৃতিক গবেষনা ও মঞ্চায়ন। এ বিষয়ে বিবিধ পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে বিভিন্ন আর্ন্তজাতিক/জাতীয় দিবস উপজেলা প্রশাসনের সাথে পালনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১৩ | <u>উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ</u><br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, জীবননগর বলেন যে, গত ০৯-০১-২০২৩খ্রি. তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>(ক) ২০২২-২৩ অর্থবছরে জীবননগর উপজেলাধীন লক্ষিপুর ব্রীজ হতে রাখাল শাহ ব্রীজ পর্যন্ত ভৈরব নদীর দুই পার্শ্বে) ৮ কিঃ মিঃ নতুন বাগান সৃজনের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। দ্রুত বনায়ন সমিতি ও চুক্তিনামা সম্পাদনের কাজ শেষ করা প্রয়োজন।<br>(খ) ২০২২-২৩ অর্থবছরে যে সকল বাগান টেন্ডারে বিক্রয় করা হয়েছে ঐসকল বাগানের ইউনিয়ন পরিষদের লভ্যাংশের চেক বিতরণ করা প্রয়োজন। | (ক) উল্লেখিত বাগানে বনায়ন সমিতি ও চুক্তিনামা সম্পাদনের কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) আগস্ট-২৩খ্রি. মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় লভ্যাংশের চেক বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, জীবননগর। |
| ১৪ | <u>উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ২৮-৫-২০২৩খ্রি. তারিখে উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চুয়াডাঙ্গা জেলার ০৪টি উপজেলার মধ্যে জীবননগর উপজেলার কার্যক্রম জেলা শিক্ষা অফিসের দৃষ্টিতে সবথেকে ভাল অবস্থানে আছে। এছাড়া এস. এস. সি, এস. এস .সি (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষা অত্যান্ত সুষ্টু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। চলতি মাসের শেষের দিকে উক্ত পরীক্ষার ফলাফল প্রকাশ হবে। | এস. এস. সি পরীক্ষা কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে সম্পন্ন করায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর। |
| ১৫ | <u>উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ</u><br>উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, গত ০৬-৬-২০২৩খ্রি. তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৯-৭-২০২৩খ্রি. তারিখে পবিত্র ঈদ-উল আযহার ছুটি শেষে সকল প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে। ১১ ও ১২ জুলাই ২০২৩খ্রি. জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা সুষ্টু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। অত্যাধিক তাপদাহের কারণে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্ট-২৩ স্থগিত ছিল। আমরা নির্দেশনা পেয়েছি আগামী ২১-৭-২০২৩খ্রি. তারিখের মধ্যে সকল প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে। উক্ত বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্ট-২৩ সুষ্টু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী। |
| ১৬ | <u>উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ২১-৬-২০২৩খ্রি.তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় - গ্রামীন দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমিতি/দল | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয় এবং খেলাপী ঋণের জন্য সরকারী পাওনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | গঠন, পুঁজি গঠন, যৌতুক ও বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশনে উদ্বুদ্ধ করা, সদস্যদের আয়বর্ধকমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ পরবর্তীতে ঋণ সহায়তা প্রদান করা। তিনি সভাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বিআরডিবির আওতাধীন সার্টিফিকেট মামলা ২৮ টি চলমান আছে। সার্টিফিকেট মামলা নিয়মিত তদারকির মাধ্যমে অর্থ আদায়ের ব্যবস্থা নিতে হবে। অপ্রধান শস্য কর্মসূচির সুফলভোগী সদস্যেদের ঋণ বিতরণ ও আদায় দ্রুত সফলভাবে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ইরেসপো কর্মসূচীর খেলাপী ঋণ আদায় ও অন্যান্য কার্যক্রম নিয়ে সভায় ব্যাপক আলোচনা শেষে সফল বাস্তবায়নের পদক্ষেপ নেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২২-২০২৩ অর্থবছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ০.৮৫ লক্ষ টাকা। জুন-২০২৩ মাসে অগ্রগতি ০.৫৩ লক্ষ টাকা। সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ১০.৫১ লক্ষ টাকা। এ পর্যন্ত আদায় ৩৬.৬১ লক্ষ টাকা। ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা ২৫০.৭৫ লক্ষ টাকা। এ পর্যন্ত বিতরণের পরিমান ৪৮০.৫৪ লক্ষ টাকা। ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ২৪৮.৮৭ লক্ষ টাকা। আদায়ের পরিমান ৩৯৪.৩৫ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ১৫৮% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬%। অত্র দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পের মোট খেলাপী ঋণের পরিমান ১০১.৪৮ লক্ষ টাকা। উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করা হয়। | আদায় আইন-১৯১৩-তে মামলা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, জীবননগর। |
| ১৭ | <u>উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি ২০২২-২০২৩ অর্থবছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ০.২৯ লক্ষ টাকা। জুন-২০২৩ মাসে অগ্রগতি ০.১১ লক্ষ টাকা। সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ১.৪৩ লক্ষ টাকা। এ পর্যন্ত আদায় ০.৬২ লক্ষ টাকা। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫০.০০ লক্ষ টাকা। এ পর্যন্ত বিতরণের পরিমান ৩৬.৭১ লক্ষ টাকা। বছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৮৫.৪৮ লক্ষ টাকা। আদায়ের পরিমান ৯০.৫৯ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৯৩% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮%। বর্তমানে খেলাপী ঋণের পরিমান ২৫.৬৭ লক্ষ টাকা। উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করা হয়। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং খেলাপী ঋণের জন্য সরকারী পাওনা আদায় আইন-১৯১৩-তে মামলা করতে হবে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, জীবননগর। |
| ১৮ | <u>উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ<br>উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মনোহরপুর আশ্রায়ন প্রকল্পে উপকারভোগীদের নিকট বিতরণকৃত ঋণের পরিমান ১৭.০৩ লক্ষ টাকা। এ পর্যন্ত ঋণ আদায়ের পরিমান ৯.৭৪ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৫৭%। উল্লেখ্য ঋণ গ্রহণ পূর্বক ব্যারাক ত্যাগকারী সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ৭.২৫ লক্ষ টাকা এবং মৃত সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ০.৩০ লক্ষ টাকা। ব্যারাকে অবস্থানকারী সদস্যরা নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করছে। ঋণ আদায়ের অগ্রগতি পূর্বের তুলনাই মোটামুটি সন্তোষজনক। | (ক) ঋণ আদায়ের কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করায় উপজেলা সমবায় অফিসারকে ধন্যবাদ জানানো হয়।<br>(খ) ঋণ আদায়ে আরও গতিশীল করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, জীবননগর। |
| ১৯ | <u>পল্লী সঞ্চয় ব্যাংক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জীবননগর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক-এর জুন-২০২৩খ্রি. মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদনের বিবরণী নিম্নে উল্লেখ করা হলো ঃ<br>সমিতি গঠন ক্রমপুঞ্জিত ১৭০টি।<br>সঞ্চয় আদায় মাসে ১.৮৩, বছরে ২৫.৫৯, ক্রমপুঞ্জিত ৩২১.১৭।<br>ঋণ বিতরণ মাসে ১০৫.৭৯, বছরে ৯৩৩.৬৮, ক্রমপঞ্জিত ৪১৯৬.৫২।<br>ঋণ আদায় মাসে ৯৪.৩২, বছরে ৯৩৮.৭৩, ক্রমপঞ্জিত ৩২৪০.১২। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগরকে ধন্যবাদ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২০ | <u>উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন যে, গত ১২-০১-২০২৩খ্রি. তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জীবননগর উপজেলার খাদ্য বিভাগের ১৩-৭-২০২৩খ্রি. মাসের খাদ্য শস্যের মজুদের প্রতিবেদন ঃ<br><br>০১। <u>ধান, চাল ও গমের মজুদ</u> ঃ<br>মোট চাল মজুদ - ৩৬৩৯.৪৪৮ মেঃ টন।<br>মোট ধান মজুদ - নাই<br>মোট গম মজুদ - নাই<br><br>০২। <u>ধান/চাল সংগ্রহ</u> ঃ<br>বোরো চাল সংগ্রহ-২৩ লক্ষ্যমাত্রা- ৭১৬২.০০০ মেঃ টন, দর- ৪৪/- টাকা।<br>বোরো চাল সংগ্রহ (অর্জন) - ৫২৭৭.৪৮০ মেঃ টন।<br>অবশিষ্ট - ১৮৮৪.৫২০ মেঃ টন।<br><br>০৩। বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা - ৫৪২.০০০ মেঃ টন, দর- ৩০/- টাকা।<br>বোরো ধান সংগ্রহ (অর্জন) - নাই।<br>অবশিষ্ট - ৫৪২.০০০ মেঃ টন।<br><br>০৪। অ্যাপসের মাধ্যমে বোরো ধান সংগ্রহের জন্য প্রতিটি ইউনিয়নের প্রতিটি বাজার, গ্রাম বা পাড়া মহল্লায় মাইকিং করা হচ্ছে এবং কৃষকগণ মাইকিং প্রচার প্রচারণা শুনে কৃষকদের ভোটার আইডি ও মোবাইল নম্বর লিপিবদ্ধ পূর্বক অত্র কার্যালয়ে আসছেন এবং অত্র দপ্তর হতে অ্যাপসের মাধ্যমে কৃষকদের নাম নিবন্ধন করা হচ্ছে। নিবন্ধন কার্যক্রম চলমান অবস্থায় আছে।<br><br>০৫। আগামী ১৬-৭-২০২৩খ্রি. হতে ২২-৭-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত খাদ্যশস্য ব্যবসায়ীগণদের খুচরা ও পাইকারি লাইসেন্স সপ্তাহ চলবে। সেক্ষেত্রে জীবননগর উপজেলার বিভিন্ন হাট বাজারে মাইকিং করা চলছে।<br><br>০৬। <u>গম সংগ্রহ</u> ঃ<br>গম সংগ্রহের লক্ষ্যমাত্রা - ৮৪.০০০ মেঃ টন, দর- ৩৫/- টাকা।<br>গম সংগ্রহ (অর্জন) - নাই<br>অবশিষ্ট - ৮৪.০০০ মেঃ টন।<br>সংগ্রহের মেয়াদকাল- ০৭-৫-২০২৩খ্রি. হতে ৩১-৮-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত আছে।<br><br>০৭। <u>বিলি বিতরণ</u> ঃ<br>গত মাসে ভিজিডি চাল - ৩৭.৬৮০ মেঃ টন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, জীবননগর। |
| ২১ | <u>উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ০৭-৭-২০২২খ্রি. তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |
| ২২ | <u>উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, গত ০৫-১২-২০২২খ্রি. তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কার্যালয় থেকে মা ও শিশু সহায়তা বরাদ্দ বৃদ্ধি করার জন্য সভার কার্যবিবরনী প্রেরন করেন। এছাড়াও রায়পুর, হাসাদাহ এবং কেডিকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ মা ও শিশু সহায়তার বরাদ্দ বৃদ্ধির জন্য অনুরোধ করেন। তিনি ইউনিয়ন পরিষদ এবং সম্মানিত চেয়ারম্যানদের লিখিতভাবে চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২৩ | অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা হিসাবরক্ষণ অফিসার বলেন যে, গত ১১-৫-২০২২খ্রি. তারিখে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জীবননগর। |
| ২৪ | উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন যে, গত ০৬-০২-২০২৩খ্রি. তারিখে জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে - চলতি ২০২২-২৩ অর্থবছরে সমগ্র বাংলাদেশ পানি সরবরাহের আওতায় পাইপড ওয়াটার সাপ্লাই প্রকল্পের অধীনে ০২ টি উৎপাদক নলকুপের বোরিং কাজ শেষ হয়েছে ও অন্যান্য কাজ চলমান আছে। এছাড়া ২০২২-২৩ অর্থবছরে সমগ্র বাংলাদেশ পানি সরবরাহের আওতায় প্রতি ইউনিয়নে ২৬ টি করে মোট ২০৮ টির মধ্যে সকল ইউনিয়নের চূড়ান্ত সাইট পাওয়া গিয়েছে এবং বোরিং কাজ চলমান আছে। কমিউনিটি বেজের ১৮ টি মিনি পাইপড ওয়াটার সাপ্লাই-এর মধ্যে ১৩ টির সহায়ক চাঁদা এ চালানের মাধ্যমে জমা হয়েছে। বাকীগুলি এখনো সাইট লিষ্ট-সহ সহায়ক চাঁদা জমা পাওয়া যায়নি। তারপরও বোরিং কাজ চলমান আছে। এছাড়াও ২০২৩-২৪ অর্থবছরের সমগ্র বাংলাদেশ পানি সরবরাহের আওতায় ২০৮ টি নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগরকে ধন্যবাদ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| ২৫ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল ঃ<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন - জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিতভাবে পরিদর্শন করে ল্যাবে ট্রেনিং এর প্রতিবেদন নেওয়া হচ্ছে। এমএমসি-তে রেজিস্ট্রেশনভূক্ত প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠান যাহাতে মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাশ পরিচালনার সাথে সাথে রিপোর্ট আপলোড করতে পারে সে বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত তথ্য আপডেট করতে হবে এবং এমএমসি-তে শতভাগ রিপোর্ট আপলোড করতে হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর। |
| ২৬ | উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা নির্বাচন অফিসারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা নির্বাচন অফিসার, জীবননগর। |
| ২৭ | উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসের কার্যক্রম ঃ<br>উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসের প্রতিনিধি জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জুন-২০২৩খ্রি. মাসে সাব-রেজিস্ট্রার অফিস হতে নগত আদায় - মোট দলিলের সংখ্যা- ৪৬১ টি।<br>নগদ আদায়- ১,১১,৭৩৯.০০ টাকা।<br>পে-অর্ডার নগদ আদায়- ১৪,২০,৯১০.০০ টাকা।<br>তালাশ নগদ আদায়- ৫,৪৯০.০০ টাকা।<br>নকল থেকে নগদ আদায়- ১২,২৫৬.০০ টাকা।<br>স্থানীয় কর আদায়- ১% - ৪০,০৩,১৭০.০০ টাকা।<br>উৎস কর আদায়- ২% - ১৮,৩৩,৫০০.০০ টাকা।<br>সর্বমোট- ৭৩,৮৭,০৬৫.০০ (তিয়াত্তর লক্ষ সাতাশি হাজার পঁয়ষট্টি) টাকা মাত্র। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা সাব-রেজিস্ট্রারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সাব-রেজিস্ট্রার, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২৮ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২৩ অর্থবছরে PEDP-4 এর আওতায় ইংরেজি বিষয়ে ০২ (দুই) ব্যাচ, বাংলা বিষয়ে ০২ (দুই) ব্যাচ এবং গণিত অলিম্পিয়াড ০২ (দুই) ব্যাচের প্রশিক্ষণ মোট ১৮০ (একশত আঁশি) জনের প্রশিক্ষণ শেষ হয়েছে। ২০২৩-২৪ অথবছরে (SEND) Special Education NeedS For Disabilities এর প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | প্রশিক্ষণ কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, জীবননগরকে ধন্যবাদ জানানো হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, জীবননগর। |
| ২৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জীবননগর। |
| ৩০ | সহকারী জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লি বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় সহকারী জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লি বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, জীবননগরকে ধন্যবাদ জানানো হয়। | জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লি বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, জীবননগর। |
| ৩১ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, জীবননগর। |
| ৩২ | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা পরিসংখ্যান তদন্তকারিকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি, জীবননগর। |
| ৩৩ | ওয়্যারহাউজ ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত জুন-২০২৩খ্রি. মাসে ০৪ টি অগ্নিকান্ড সংঘঠিত হয়েছে। আমরা ০৪ টি অগ্নিকান্ডে উপস্থিত হয়ে সফলভাবে মোকাবেলা করতে সক্ষম হয়েছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় ওয়্যারহাউজ ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনকে ধন্যবাদ জানানো হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,জীবনঃ |
| ৩৪ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন -<br>(ক) জীবননগর মডেল মসজিদের মেইন রাস্তাটি মানুষের চলাচলের অনুপোযোগি হয়ে পড়েছে। রাস্তা ভেঙ্গে গর্তের সৃষ্টি হয়ে বিভিন্ন জায়গায় পানি বেধে থাকে। রাস্তাটি পাঁকা করনের বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়।<br>(খ) মডেল মসজিদের বিদ্যুৎ বিল সরকার ১০০ ইউনিট মওকুফ করবে। বাকী বিল স্থানীয়ভাবে পরিশোধের ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>(গ) মডেল মসজিদের মেইন গেট ও প্রাচীর না থাকায় পশু-পাখি মসজিদের উপরে উঠছে এবং মসজিদের অভ্যন্তরের পরিবেশ নষ্ট করছে। | (ক) জীবননগর মডেল মসজিদের মেইন রাস্তাটি পাঁকা করণের জন্য মেয়র, জীবননগর পৌরসভাকে বিশেষভাবে অনুরোধ করা হয়।<br>(খ) মডেল মসজিদের বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>(গ) ইমাম, মুয়াজ্জিন ও খাদেমদের পর্যায়ক্রমে একজন করে সার্বক্ষনিক মসজিদে উপস্থিত থাকতে হবে। | মেয়র, জীবননগর পৌরসভা।<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩৫ | উপজেলা ব্যবস্থাপক-৮৮৯, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা ব্যবস্থাপক-৮৮৯, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা ব্যবস্থাপক-৮৮৯, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩৬ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, জীবননগর। |
| ৩৭ | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - আমরা সবাই একটি করে গাছ লাগাবো। যেখানে গাছ লাগানো উপযুক্ত জায়গা সেখানেই গাছ লাগতে হবে। জীবননগর উপজেলার কোন জায়গায় বজ্র সেল্টার নির্মাণ করার আগে উপযুক্ত জায়গা নির্বাচন করে বজ্র সেল্টার নির্মাণ করতে হবে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ জানানো হয় এবং সকলে একটি করে হলেও গাছ লাগানো জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৮ | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৯ | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪০ | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪১ | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসাদাহ হাটের হাটচালির অবস্থা খুবই খারাপ। হাটের টিনের চাল যখন তখন ভেঙ্গে পড়ে যানমালের ক্ষতি হতে পারে। উক্ত হাট মেরামতের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | হাসাদাহ হাটের হাটচালি মেরামতের বিষয়ে আলোচনা সাপেক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহন করা হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪২ | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪৩ | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন -<br>(ক) মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী গ্রামে একটি হাট আছে। সেই হাটের কোন ছাউনি নেই। বর্ষার সময় ব্যবসায়িদের বসার সমস্যা হয়। খোলা আকাশের নিচে তারা ঠিকমত ব্যবসা করতে পারে না। উক্ত বাজারে জরুরী ভিত্তিতে হাটচালি করা প্রয়োজন। | (ক) ধোপাখালি হাটের হাটচালি নির্মাণের বিষয়ে আলোচনা সাপেক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহন করা হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| | (খ) জীবননগর উপজেলায় যেসকল এন.জি.ও আছে তারা গ্রামের সাধারণ মানুষের বিভিন্ন প্রলোভন দেখিয়ে লোন দেয়। তারা যখন কিস্তির টাকা নিতে যায় তারা তখন সময়মত দিতে পারে না। তখন এন.জি.ও কর্মিরা তাদের নামে মামলা করে থাকে। যার কারনে অনেক পরিবারের মানুষ বাড়ী থেকে পালিয়ে যায় বা আত্মহত্যা করে। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ... সহযোগিতা কামনা করা হয়। | (খ) উক্ত বিষয়ে উপজেলা এন.জি.ও সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪৪ | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কাশীপুর এবং খয়েরহুদা হাটের হাটচালির অবস্থা খুবই খারাপ। হাটের টিনের চাল যখন তখন ভেঙ্গে পড়ে যানমালের ক্ষতি হতে পারে। উক্ত হাট মেরামতের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | কাশীপুর এবং খয়েরহুদা হাটের হাটচালি মেরামতের বিষয়ে আলোচনা সাপেক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহন করা হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪৫ | সহকারী কমিশনার (ভূমি), জীবননগর বলেন যে - তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন -<br>(ক) জীবননগর উপজেলায় মহান ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উৎযাপন উপলক্ষ্যে শহীদদের শ্রদ্ধা জানানোর জন্য শহীদ মিনারে ফুল দেওয়া হয়। কিন্তু জীবননগর উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি শহীদ মিনার নেই। সে লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে শহীদ মিনার নির্মাণের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়।<br>(খ) জীবননগর উপজেলার বিভিন্ন ইউনিয়নের গ্রাম থেকে বিভিন্ন দপ্তরে সেবা প্রার্থিরা সেবা নিতে আসেন। কিন্তু তাদের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি টয়লেট, বসার জন্য কিছু বেঞ্চ এবং সুপেয় পানির ব্যবস্থা নেই। উক্ত বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(গ) ২০২২-২৩ অর্থবছরে ৯৩৭৩ টি নামজারি সম্পন্ন হয়েছে। এখন থেকে নামজারি ২৪ দিনে হচ্ছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) জীবননগর উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি শহীদ মিনার নির্মাণের জন্য আলোচনা সাপেক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়।<br>(খ) টয়লেট, বসার জন্য বেঞ্চ এবং সুপেয় পানির জন্য আলোচনা সাপেক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(গ) দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় সহকারী কমিশনার (ভূমি), জীবননগরকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর ও উপজেলা প্রকৌশলী, জীবননগর, চুয়াডাঙ্গা।<br>সহকারী কমিশনার (ভূমি), জীবননগর। |
| ৪৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে - আমরা সবাই একটি করে গাছ লাগাবো। বন বিভাগ থেকে যে গাছের চারা দেওয়া হয় সেই গাছের চারাগুলি ছোট যার কারনে ছাগলে খেয়ে ফেলছে। গাছ লাগানোর সময় বাঁশের ঝাপি দিয়ে গাছগুলি লাগতে হবে। রাস্তার ধারে বেশী করে তাল গাছ লাগাতে হবে এবং গাছ লাগিয়ে আমাদের সবাইকে যত্ন নিতে হবে। জীবননগর উপজেলার বিভিন্ন জায়গায় তাল গাছের চারা রোপনের উদ্যোগ গ্রহন করায় উপজেলা কৃষি অফিসারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলার বিভিন্ন জায়গায় তাল গাছের চারা রোপনের উদ্যোগ গ্রহন করায় উপজেলা কৃষি অফিসারকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। |
| ৪৭ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে - জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বদলির আদেশ হয়েছে। আগামী মাসিক সাধারণ সভায় আমরা আর মহোদয়কে উপস্থিত দেখতে পারবো না। আগামী মাসে জীবননগর উপজেলা মাসিক এন.জি.ও সমন্বয় কমিটির সভায় সকল এন.জি.ও ম্যানেজারদের উপস্থিত নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। মোঃ মনিরুজ্জামান, উপজেলা কৃষি অফিসার, জীবননগরে যোগদান করায় তাকে অভিনন্দন জানানো হয়। আগামী ১৭ জুলাই ২০২৩খ্রি. তারিখে আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের নির্বাচন। উক্ত নির্বাচন যাতে সুষ্টু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয় সেজন্য আইন-শৃঙ্খল পরিস্থিতি স্বাভাবিক রাখতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | আগামী মাসে জীবননগর উপজেলার মাসিক এন.জি.ও সমন্বয় কমিটির সভায় সকল এন.জি.ও ম্যানেজারদের উপস্থিত নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪৮ | <u>মাদকবিরোধী জনসচেতনতামূলক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে - জীবননগর উপজেলা একটি সীমান্তবর্তী এলাকা। এই এলাকায় মাদকসেবীদের আনাগোনা প্রায়ই দেখা যায়। এজন্য মাদকের বিরুদ্ধে আমাদের সবাইকে সচেতন থাকতে হবে। মাদক নির্মূল করতে হলে সর্বপ্রথম জনপ্রতিনিধি/সুশীল সমাজকে এগিয়ে আসতে হবে। প্রত্যেক ইউনিয়নে মাদকবিরোধী প্রচার-প্রচারণা করতে হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা সচেতন থাকলে মাদক নির্মুল করা সম্ভব হবে। মাদক মুক্ত করার লক্ষ্যে পুলিশ সবসময় সোচ্চার থাকবে এবং মাদক বিরোধী অভিযান নিয়মিত চলমান থাকবে। মাদক | (ক) মাদক বিরোধী জন-সচেতনতা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) অব্যবহৃত পরিত্যক্ত বা স্থাপনাসহ যেখানে লোকসমাগম কম সেখানে যেন মাদকাসক্তরা মাদকসেবনের স্থান হিসেবে | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, অফিসার, ইনচার্জ, জীবননগর থানা ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সমাজ ও জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেয়। মাদকমুক্ত সমাজ না গড়তে পারলে কোন জাতি উন্নত হয় না। সর্বনাশা নেশার চোরা স্রোতে তলিয়ে যেতে বসেছে আমাদের তরুণ সমাজ। এজন্য চিন্তিত হয়ে পড়েছেন অভিভাবকরা। মাদকাসক্তের সংখ্যা যাতে বৃদ্ধি না পায় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। মাদক পাচার এবং মাদকাসক্তের হার কমানোর জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে সরকার। মাদকের বিরূপ প্রভাব সম্পর্কে সবার মধ্যে সচেতনতা থাকতে হবে। মাদকের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি ও মাদকের ভয়াল থাবা থেকে যুবসমাজকে দুরে রাখতে হবে। তরুন সমাজসহ পরিবারের অভিভাবকবৃন্দেরও সচেতন হতে হবে। তাহলে মাদক নির্মুল করা সম্ভব হবে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ব্যবহার করতে না পারে সে বিষয়ে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে সতর্ক থাকতে হবে। | |
| ৪৯ | <u>জীবননগর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্ত</u>ঃ<br>(ক) জুলাই-২০২৩খ্রি. মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি, ঝাড়ুদার ও পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানদ্বয়ের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী, স্টেশনারি দ্রব্যাদি ও আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে -<br><br>(০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জুন-২০২৩খ্রি. মাসের সম্মানী ভাতা - ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান-এর জুন-২০২৩খ্রি. মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান-এর জুন-২০২৩খ্রি. মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র। | (ক-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ-এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান-দ্বয়ের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| | (০২) জুন-২০২৩খ্রি. মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃংখলা কমিটির সভা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভাসহ অন্যান্য সভা এবং উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান-এর সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ- ৩৭,৯৩৫.০০ (সাইত্রিশ হাজার নয়শত পঁয়ত্রিশ) টাকা মাত্র। | (০২) উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়াম্যানদ্বয়ের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ-এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধ করা হয়। | |
| | (০৩) জুন-২০২৩খ্রি. মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৭০০.০০ (চার হাজার সাতশত) টাকা মাত্র। | (০৩) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ-এর "আনুষঙ্গিক" খাত হইতে পরিশোধ করা হয়। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (০৪) জুন-২০২৩খ্রি. মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ৪,৭০০.০০ (চার হাজার সাতশত) টাকা মাত্র। | (০৪) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ-এর "বিদ্যুৎ/ টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হইতে পরিশোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| | (০৫) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে জুন-২০২৩খ্রি. মাসের মজুরী বাবদ - ১৩,৭৫০.০০ (তের হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীকে মে-২০২৩খ্রি. মাসের মজুরী বাবদ - ১৩,৭৫০.০০ (তের হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র । | (০৫) উক্ত মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীদ্বয়ের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ-এর "মালি/ সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধ করা হয়। | |
| | (০৬) জীবননগর উপজেলা পরিষদে মাসিক বেতনের ভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীকে জুন-২০২৩খ্রি. মাসের মজুরী বাবদ - ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা মাত্র। | (০৬) উক্ত পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীর মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ-এর "বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা" খাত হইতে পরিশোধ করা হয়। | |
| | (খ) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, জীবননগর এর ২০২২-২০২৩ অর্থবছরের নিম্নবর্ণিত বকেয়া ভ্রমন ভাতা বিল দাখিল হয়েছে -<br>(০১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর এর ভ্রমন ভাতা বিল- জুলাই-২০২২খ্রি. হতে জুন-২০২৩খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের মোট- ৯০,৬২২.০০ (নব্বই হাজার ছয়শত বাইশ) টাকা মাত্র।<br>(০২) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর এর ভ্রমন ভাতা বিল- জুলাই-২০২২খ্রি. হতে জুন-২০২৩খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের মোট- ৪২,২৫০.০০ (বিয়াল্লিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র।<br>(০৩) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর এর ভ্রমন ভাতা বিল- জুলাই-২০২২খ্রি. হতে জুন-২০২৩খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের মোট- ৪০,২৫০.০০ (চল্লিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র। উক্ত ভ্রমন ভাতা বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ভ্রমন ভাতা বিল পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান- এর জুলাই-২০২২খ্রি. হতে জুন-২০২৩খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের বকেয়া ভ্রমন ভাতা বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ-এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন, মোঃ বাদশা মিয়া, পিতা- মোঃ আব্দুল জলিল, সাং- মেদিনীপুর স্কুলপাড়া, ওয়ার্ড নং- ০৪, ডাকঘর- দৌলৎগঞ্জ, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গা। তার গত ২৯-০৬-২০২৩খ্রি. তারিখে আনুমানিক রাত- ১২.৩০ মিনিটের সময় মেদিনীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় পাড়ায় তার নিজ বাড়ীতে আগুন লেগে সম্পূর্ণ মালামাল ও নগদ টাকা পুড়ে ছাই হয়ে যায়। তার এই ক্ষতির কারনে মহাবিপদের সম্মুখীন হয়েছেন। এ অবস্থায় সে পরিবার পরিজন নিয়ে | (গ) উক্ত আলোচনান্তে পরিষদের সকল সদস্যের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(ঘ) অনুচ্ছেদ-এর "অপ্রত্যাশিত" খাত হইতে মোঃ বাদশা মিয়া, | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | মানবেতর জীবন-যাপন করছে। সে গত ০২-৭-২০২৩খ্রি. তারিখে আর্থিক সাহায্যের জন্য আবেদন করেন। উক্ত বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে তাকে আর্থিক সাহায্য প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করেন।<br><br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, উপজেলা পরিষদে কর্মরত মাসিক বেতনের ভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী হিসেবে নিয়োজিত গত ১১-০৩-২০২১খ্রি. তারিখের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ শরিফুল হোসেন, পিতা- মোঃ আব্দুল মমিন, সাং- শাপলাকলি পাড়া, ডাকঘর- দৌলৎগঞ্জ-৭২৩০, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গাকে মাসিক ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা বেতনের ভিত্তিতে ১২-০৩-২০২১খ্রি. তারিখে নিয়োগ দেওয়া হয়। কিন্তু বর্তমানে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি হওয়ায় মাসিক ৬,০০০.০০ (ছয় হাজার) টাকার সাথে ২,০০০.০০ (দুই হাজার) টাকা বাড়িয়ে প্রতি মাসে ৮,০০০.০০ (আট হাজার) টাকা বেতন প্রদানের বিষয়ে সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন। | পিতা- মোঃ আব্দুল জলিল, সাং- মেদিনীপুর স্কুলপাড়া, ওয়ার্ড নং- ০৪, ডাকঘর- দৌলৎগঞ্জ, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গাকে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(ভ) অনুচ্ছেদ-এর বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হইতে উপজেলা পরিষদের সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে পরিষ্কার পরিচ্ছন্ন কর্মীকে প্রতি মাসে ৮,০০০.০০ (আট হাজার) টাকা বেতন প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| ৫০ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, গত ১২-৭-২০২৩খ্রি. তারিখে জীবননগর উপজেলা পরিষদের অনুকুলে হ্যালিপ্যাডের পুকুরটি ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত ছিল। ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দের অর্থাৎ ০৩ (তিন) বছরের জন্য কাঙ্খিত সরকারী মূল্যের চেয়ে বেশী মূল্য পাওয়া গিয়েছে। সর্বোচ্চ দরদাতা জনাব তুহিনুজ্জামান, পিতা- মোঃ বজলুর রহমান, সাং- রাজনগর পাড়া, জীবননগর পৌরসভা-এর অনুকূলে ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উক্ত আলোচনান্তে সর্বোচ্চ দরদাতা জনাব তুহিনুজ্জামান, পিতা- মোঃ বজলুর রহমান, সাং- রাজনগর পাড়া, জীবননগর পৌরসভার অনুকূলে আগামী ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ অর্থাৎ ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| ৫১ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, আমরা বন বিভাগ, জীবননগরের সহায়তায় ভৈরব নদীর পাড়ে গাছ লাগিয়েছি। নয়নজলিতে গাছ লাগানো কার্যক্রম চলমান আছে। একতারপুর বাওড়ের পাশে গাছ লাগানো হবে। আমরা যেখানে ফাকা জায়গা পাবো সেখানে গাছ লাগাবো। উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনে বিশুদ্ধ পানি পান করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে একটি আরু ফিল্টার ক্রয় করার জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়। উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রাখতে হবে এবং মাদক বিরোধী অভিযান অব্যহত রাখতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে যে সকল কর্মকর্তা/কর্মচারী শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানানো হয় এবং এধারা অব্যহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এস. এস. সি পরীক্ষা কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। আগামী ১৭ জুলাই ২০২৩খ্রি. তারিখে আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | | |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। জীবননগর উপজেলার বিভিন্ন জায়গায় তাল গাছের চারা রোপনের উদ্যোগ গ্রহন করায় উপজেলা কৃষি অফিসারকে ধন্যবাদ জানানো হয়। একটি প্রকল্প গ্রহন করে উপজেলার ০৮টি ইউনিয়নে বজ্র নিরোধক দন্ড বসানোর বিষয়ে আলোচনা করা হয়। ২০২১-২২ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর অর্থায়ন হইতে জীবননগর উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চ এবং উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ করা হবে। আগামী ১৭ জুলাই ২০২৩খ্রি. তারিখে আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের নির্বাচন। উক্ত নির্বাচন যাতে সুষ্ঠ ও সুন্দরভাবে

অনুষ্ঠিত হয় সেজন্য আইন-শৃঙ্খল পরিস্থিতি স্বাভাবিক রাখতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রাখতে হবে এবং মাদক বিরোধী অভিযান অব্যহত রাখতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। ২০২২-২৩খ্রি. অর্থবছরে এডিপি তহবিল এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পগুলি ৩০ জুনের মধ্যে বাস্তবায়ন করায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৭/২০২৩

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০২-৪৭৭৭৮৯৯৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২৩-১০০৯(৫০)

তারিখ ঃ ২০-৭-২০২৩খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। সহকারী কমিশনার (ভূমি), জীবননগর, চুয়াডাঙ্গা।
১০। উপজেলা ............................................... অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১১। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৩। জনাব ............................................................ জীবননগর, চুয়াডাঙ্গা।

20/7/2023

(মোঃ রোকনুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০২-৪৭৭৭৮৯৭০১
unojibannagar@mopa.gov.bd

জীবননগর উপজেলা পরিষদের জুলাই-২০২৩খ্রি. মাসের মাসিক সাধারন সভা

সভাপতি: জনাব মোঃ হাফিজুর রহমান

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা

তারিখ: ১৩-৭-২০২৩ খ্রি সময়: সকাল-১০.০০ ঘটিকা

স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ

সভা নং- ০১/২০২৩-২৪ অর্থবছর

উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ রোকনুজ্জামান | উপজেলা নির্বাহী অফিসার | [signature] |
| ০২ | জনাব মোছাঃ আয়েশা সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০৩ | জনাব মোঃ আঃ সালাম | ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০৪ | জনাব মোঃ রফিকুল ইসলাম | মেয়র, জীবননগর পৌরসভা | |
| ০৫ | জনাব তিথি মিত্র | সহকারী কমিশনার (ভূমি) | [signature] |
| ০৬ | মোঃ মনিরুজ্জামান | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ০৭ | মোঃ দীন ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার | [signature] |
| ০৮ | মোঃ জালাল উদ্দীন | উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ০৯ | মোহাঃ নুর আলম | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১০ | মোঃ আব্দুল হাফিজ | P.S ifa | [signature] |
| ১১ | মোঃ আনারুল ইসলাম | ইন্সট্রাক্টর, URC জীবননগর | [signature] |
| ১২ | শেখ হারুন-অর-রশীদ | উপজেলা অফিসার (SFDF) | [signature] |
| ১৩ | মোঃ আমজাদ হোসেন | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [signature] |
| ১৪ | মোঃ এনায়েত উল্লাহ | UDF- UGDP- JICA | [signature] |
| ১৫ | মোঃ খালিদ হাসান | ওয়ারহাউজ ইন্সপেক্টর খাদ্য | [signature] |
| ১৬ | মোঃ মশিউর উদ্দীন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] |
| ১৭ | মোঃ সাব্বির হোসেন | উপসহকারী প্রকৌশলী (LGED) | [signature] |
| ১৮ | মোঃ মিজানুর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] |
| ১৯ | ডা. মো. রাকিবুল ইসলাম | মেডিকেল অফিসার (মাতৃমঙ্গল ও পরিবার পরিকল্পনা) ও উপজেলা প.প. কর্মকর্তা (অ.দা.) | [signature] |
| ২০ | মোঃ মোঃ [illegible] | চেয়ারম্যান ৬নং [illegible] | [signature] |
| ২১ | মোঃ মোঃ সালাম | [illegible] | [signature] |
| ২২ | মো. রাসেল হোসেন | মেডিকেল টেকনোলজিস্ট, UHC | [signature] |
| ২৩ | মোঃ মোস্তাফিজুর রহমান | (মোঃ [illegible] মনোহরপুর) | [signature] |
| ২৪ | মোঃ আবদুল্লাহ হেলাল | চেয়ারম্যান ৩নং রায়পুর | [signature] |
| | মোঃ হাফিজুর রহমান | চেয়ারম্যান ইউ.পি. ৫নং বাঁকা | [signature] |
| ২৬ | মোঃ খায়রুল বাসার | চেয়ারম্যান ৮নং কেডিকে ইউ.পি. | Shipta |
| ২৭ | মোঃ শরিফুল ইসলাম | পৌর সমাজ কর্মকর্তা, জীবননগর | [signature] |